**ইউসিআরসি-র প্রথম সম্মেলন (১৯৫০) উপলক্ষ্যে মনুমেন্টের পাদদেশে আয়োজিত সমাবেশে স্বরচিত গণসংগীত পরিবেশন করেন শুভময় দত্ত। সেই গানের ভাষ্য সংযোজিত হল :**

ওরে ও বাস্তুহারা ভাইয়া
স্বাধীন দেশে বাস্তুহারা
মরে ভাত না পাইয়া
ও বাস্তুহারা ভাইয়া
মরছে মরছে মরছে যে মানুষ
মরছে ভাত না পাইয়া
লাখে লাখে মরবে
যদি থাক ঘুমাইয়া
ও বাস্তুহারা ভাইয়া
বঙ্গভঙ্গের ঠেলায় আইলাম
ঘরবাড়ি সব ছাইড়্যা
শিয়ালদহে পড়ে মরি
কেউ দেখে না চাইয়া
নেতাদের ভরসায় আইলাম
বড় আশা কইরা
মানুষ মরে নেতা ঘুমায়
নাকে তেল দিয়া— বাস্তুহারা ভাইয়া
পতিত জমি দখল কইরা
ঘরবাড়ি সব বাইন্ধ্যা
জান দিবতো জমি কভু দিব না ছাইড়্যা
ও বাস্তুহারা ভাইয়া
এখনও সময় আছে ওঠরে জাগিয়া
লাখে লাখে মরবে যদি থাক ঘুমাইয়া
ও বাস্তুহারা ভাইয়া